# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576


স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৬.৩২.০০১.২০-৭৭ তারিখঃ ১৭/০৭/২০২৩ খ্রি.

## ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে দাখিল ৯ম শ্রেণির (দাখিল পরীক্ষা-২০২৫) রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত দাখিল/আলিম এবং আরবি বিশ্ববিদ্যালয় অধিভূক্ত ফাযিল/কামিল পর্যায়ের মাদ্রাসার অধ্যক্ষ/সুপারসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দাখিল নবম শ্রেণিতে ভর্তি ও অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রক্রিয়া নিম্নেবর্ণিত নির্দেশনাবলি অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে e-SIF পদ্ধতিতে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

## নির্দেশাবলি

০১. দাখিল নবম শ্রেণিতে ভর্তি ও অধ্যয়নরত শিক্ষার্থীদের জেডিসি/জেএসসির রেজিস্ট্রেশনের তথ্য অনুযায়ী টটলিস্ট প্রস্তুত করতে হবে। প্রস্তুতকৃত টটলিস্ট অনুযায়ী অনলাইনে তথ্য এন্ট্রি দেয়ার সময় **২০২২ সালের জেডিসি শিক্ষার্থীদের** ক্ষেত্রে জেডিসি/জেএসসি সাল, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড ও **২০২২ সালের পূর্ববর্তী জেডিসির শিক্ষার্থীদের** ক্ষেত্রে জেডিসি/জেএসসি সাল, রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড সঠিক ভাবে সিলেক্ট করতে হবে। অন্যথায় ভুল শিক্ষার্থীর তথ্য এন্ট্রি হয়ে থাকলে তার দায়-দায়িত্ব মাদ্রাসা প্রধানকে বহন করতে হবে।

০২. **শিক্ষার্থীর বয়স ১লা জানুয়ারি তারিখে ১২ বছর পূর্ণ না হলে এবং ১৮ বছরের অধিক হলে কোন শিক্ষার্থী দাখিল নবম শ্রেণিতে ভর্তি ও রেজিস্ট্রেশন হতে পারবে না। তবে বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে দাখিল পরীক্ষার রেজিস্ট্রেশনের বয়স-সীমা ১৪ থেকে ২৫ বছর পর্যন্ত।**

০৩. **অনলাইনে ফি জমাদান ও e-SIF Submission এর সময় সূচীঃ**

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ক) | বিলম্ব ফি ব্যতীত ফি জমা | ২৪/০৭/২০২৩ থেকে ৩০/০৯/২০২৩ পর্যন্ত |
| খ) | বিলম্ব ফি সহ জমা | ০১/১০/২০২৩ থেকে ৩১/১০/২০২৩ পর্যন্ত |
| | ফি জমা দেয়ার ২৪ থেকে ৪৮ ঘন্টা পর টটলিস্ট অনুযায়ী ছবিসহ শিক্ষার্থীদের **e-SIF** এন্টি করা যাবে | |
| গ) | পূরণকৃত **e-SIF Final Submission** | ০১/১১/২০২৩ থেকে ০৬/১১/২০২৩ পর্যন্ত |

০৪. **বোর্ড কর্তৃক সরবরাহকৃত প্রতিষ্ঠানের EIIN ভিত্তিক মোবাইল সিম ব্যবহার করে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।**

০৫. **অনলাইনে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি দেয়ার সময় অবশ্যই তার ব্যক্তিগত (যদি থাকে) মোবাইল নম্বর অথবা অভিভাবকের মোবাইল নম্বর ইনপুট দিতে হবে। একটি মোবাইল নম্বর দিয়ে শুধুমাত্র একজন শিক্ষার্থীরই রেজিস্ট্রেশন করা যাবে।**

০৬. **ফি প্রদান এবং e-SIF (Electronic student Information Form) পুরণ ও Final Submissionঃ**

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.bmeb.gov.bd) **অনলাইন** সেবা-২ এর **e-SIF/e-FF** অপশনে ক্লিক করে প্রতিষ্ঠানের EIIN ও Entry Password দিয়ে লগইন (Login) করলে EIIN ভিত্তিক মোবাইল নম্বরে একটি **OTP** প্রেরণ করা হবে। উক্ত **OTP** ইনপুট করে পেমেন্ট অপশনে শিক্ষার্থী সংখ্যা এন্ট্রি দিয়ে সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে রেজিস্ট্রেশন ফি দিতে হবে। ফি জমা দেয়ার ২৪ থেকে ২৮ ঘন্টা পর নতুন শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করা যাবে। শিক্ষার্থীদের পূর্ণাঙ্গ **e-SIF** তালিকার প্রিন্ট আউট নিয়ে ভালভাবে তথ্য যাচাই বাছাই করতে হবে। যাচাই বাছাইয়ে যতবার ভুল ধরা পড়বে ততবার সংশোধিত প্রিন্ট নিতে পারবে। সর্বশেষ নির্ভুল e-SIF তালিকা হাতে পাওয়ার পর Final Submission এর জন্য **মাদ্রাসা প্রধান Confirm Password ব্যবহার করবেন** এবং e-SIF এর চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট কপিতে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের স্বাক্ষর নিয়ে হার্ড কপি বোর্ড/আঞ্চলিক কার্যালয়ে জমা প্রদান না করে প্রতিষ্ঠানে অবশ্যই সংরক্ষণ করবে।

০৭. **রেজিস্ট্রেশন ফি-এর হার (শিক্ষার্থী প্রতি) নিম্নরূপঃ**

| ক্রমিক | বিবরণ | ফি এর হার |
|---|---|---|
| ক | রেজিস্ট্রেশন ফি | ১০০.০০ টাকা |
| খ | ক্রীড়া ফি | ৫০.০০ টাকা |
| গ | বয়স্কাউট/ গার্লস গাইড ফি | ১৫.০০ টাকা |
| ঘ | বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়ন ফি | ০৫.০০ টাকা |
| ঙ | অন্ধকল্যাণ তহবিল ফি | ০৫.০০ টাকা |
| চ | রেড ক্রিসেন্ট ফি | ১৬.০০ টাকা |
| **ছ** | **বিলম্ব ফি ব্যাতিত মোট ফি** | **১৯১.০০ টাকা** |
| জ | বিলম্ব ফি | ৫০.০০ টাকা (প্রযোজ্য ক্ষেত্রে) |
| **ঝ** | **বিলম্ব ফি সহ মোট ফি** | **২৪১.০০ টাকা** |
| ঞ | মাদ্রাসা প্রতি ফি | ১০০.০০ টাকা |

অপর পাতায় দ্রষ্টব্য

*বিঃ দ্রঃ শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/১২/২০২০ তারিখের ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬ স্মারক মোতাবেক ৮ম শ্রেণির রেজিস্ট্রেশন কার্যক্রমের সময় শিক্ষার্থীদের কাছ থেকে ৯ম ও ১০ম শ্রেণিতে আদায়কৃত মোট রেডক্রিসেন্ট ফি (২০+২০)=৪০ (চল্লিশ) টাকার ৬০% অর্থাৎ ২৪/- (চব্বিশ) টাকা নিজ প্রতিষ্ঠানে (আলাদা রেড ক্রিসেন্ট হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য সংরক্ষণ করবে। অবশিষ্ট ৪০% অর্থাৎ ১৬/- (ষোল) টাকা মাদ্রাসা শিক্ষা বোর্ডে প্রদান করতে হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ৯ম শ্রেণিতে ভর্তির সময় প্রতি শিক্ষাবর্ষে ২০/- (বিশ) টাকা হারে রেড ক্রিসেন্ট ফি সংগ্রহ করবে এবং ৯ম শ্রেণিতে রেজিস্ট্রেশনের সময় একত্রিত ও সমন্বয় করে নিজস্ব একাউন্টে সংরক্ষণ ও মাদ্রাসা বোর্ড বোর্ডকে প্রদান করবে।*

০৮. কোন অবস্থাতেই বোর্ড কর্তৃক অনুমোদিত অনলাইন ই-টিসি ব্যতিত কোন শিক্ষার্থীকে ম্যানুয়াল ছাড়পত্র (টিসি) দেয়া যাবে না।

০৯. একাধিক গ্রুপ/বিভাগের জন্য একই সাথে ফি প্রদান করা যাবে। কিন্তু টটলিস্ট গ্রুপ/বিভাগওয়ারী আলাদা হতে হবে।

১০. বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতি ও স্বীকৃতি বিহীন/হালনাগাদ স্বীকৃতি নবায়ন নেই এ ধরনের কোন প্রতিষ্ঠান অনলাইনে রেজিস্ট্রেশন করলে পরবর্তীতে রেজিস্ট্রেশন/ পরীক্ষা সংক্রান্ত বিষয়ে কোন জটিলতা সৃষ্টি হলে অত্র বোর্ড দায়ী থাকিবে না।

১১. বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চলের ১৬-০৩-২০১০ তারিখের স্মারক নং- বাঃ স্কাঃ ঢাঃ অঃ/৭৬৪৮(৬)/১০ এর প্রেক্ষিতে (বিশ্ব স্কাউট সংস্থার) মেম্বারশীপ ফি মাদ্রাসা প্রতি ২৩০.০০ (দুইশত ত্রিশ) টাকা সংস্থার সংশ্লিষ্ট আঞ্চলিকে জমা দিতে হবে।

১২. **রেজিস্ট্রেশন চলাকালীন সময়ে কোন ধরনের জটিলতা/সমস্যা সৃষ্টি হলে নিম্নে উল্লেখিত হেল্প লাইনে যোগাযোগ করতে হবে অথবা আবেদন পত্রসহ বোর্ডের সংশ্লিষ্ট শাখায় সরাসরি যোগাযোগ করতে হবে।**

১৩. যে সকল মাদ্রাসায় বিভাগ বা বিষয় খোলার অনুমতি নেই সে সকল মাদ্রাসার শিক্ষার্থীরা সংশ্লিষ্ট বিষয় নিতে পারবে না।

১৪. **বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে 'বিশেষ চাহিদা সম্পন্ন কি না' তা উল্লেখ করতে হবে এবং প্রমাণ স্বরূপ সমাজসেবা অধিদপ্তরের অনলাইন ডাটাবেজ নিবন্ধন পূর্বক তাদের কর্তৃক প্রদত্ত সনদ সংযুক্ত করতে হবে।**

**Help Line no- 01776-771224, 01751-877677, 01797-767754** (সকাল ৯:০০টা হতে বিকাল ৪:০০টা)

**বিঃ দ্রঃ-**

১) **স্বাস্থ্যবিধি মেনে রেজিস্ট্রেশনের সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।**

২) **বিজ্ঞপ্তিতে উল্লেখিত রেজিস্ট্রেশনের নির্ধারিত সময়সীমার পর এ সংক্রান্ত কোন আবেদন গ্রহণ করা হবেনা।**

৩) **অত্র বিজ্ঞপ্তি এবং প্রয়োজনে বিজ্ঞপ্তির কোন সংশোধনী বোর্ডের ওয়েবসাইটে (www.bmeb.gov.bd) প্রকাশ করা হবে।**

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৭.০৭.২০২৩

**(প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান)**
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,ঢাকা।
ফোনঃ ০২-৯৬১২৮৫৮
ই-মেইলঃ registrar@bmeb.gov.bd

**প্রাপকঃ অধ্যক্ষ/সুপার**
**বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল মাদ্রাসা।**

স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৬.৩২.০০১.২০-৭৭

তারিখঃ ১৭/০৭/২০২৩ খ্রিঃ

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণঃ**

১. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
২. প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল।
৪. সিনিয়র সিষ্টেম এনালিষ্ট (চলতি দায়িত্ব), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. জনাব, মোঃ আমির উদ্দিন, প্রোগ্রামার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৬. হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. সহকারী পরিদর্শক, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল।
৮. পি.ও.টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. পি.এ.টু পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. অফিস কপি।

17.07.23

**(তৈয়ব হোসেন সরকার)**
উপ-রেজিস্ট্রার (কমন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,ঢাকা।
ফোনঃ ০২-২২৩৩৬৫৪০৩
ই-মেইলঃ drcommon@bmeb.gov.bd